

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮-২৫

করবুক, ২৫ জুলাই, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস

করবুক মহকুমায় প্রস্তুতি সভা

সারা রাজ্যের সাথে করবুক মহকুমায় আগামী ১৫ আগস্ট যথাযোগ্য মর্যাদায় ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে আজ করবুক মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক পার্থ দাস। সভায় উপস্থিত ছিলেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা, ডিসিএম ফ্লোরেন্স চাকমা, শিলাছড়ি ব্লকের অতিরিক্ত বিডিও অশোক দেববর্মা, সমাজসেবী অতীন্দ্র রিয়াৎ, প্রণব শঙ্কর ত্রিপুরা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ও বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকগণ। মহকুমায় মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে। এই অনুষ্ঠানে সকাল ৯টা ১০ মিনিটে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। প্রভাত ফেরীর মধ্য দিয়ে স্বাধীনতা দিবস উদযাপনের সূচনা হবে। সকাল ৭টায় বিভিন্ন সরকারি কার্যালয়ে এবং সকাল ৭টা ৩০ মিনিটে বিভিন্ন স্কুলে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে করবুক সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আগামী ১২ আগস্ট করবুক বাজার এলাকায় এবং ১৪ আগস্ট সমস্ত সরকারি কার্যালয়ে সাফাই অভিযানও সংগঠিত হবে। তাছাড়াও অনুষ্ঠিত হবে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা।
